


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.০০.০০০০.১০৩.১১.০০২.২৩-৪২

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয় : পররাষ্ট্র মন্ত্রণালয়ের "সুপারিনটেনডেন্ট" (১০ম গ্রেড) পদের মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও নির্দেশাবলী।**

পররাষ্ট্র মন্ত্রণালয়ের "সুপারিনটেনডেন্ট" (১০ম গ্রেড) পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৫১ জন প্রার্থীর মধ্যে BPSC Form-5A (Applicant's Copy) জমাদানকারী ৩৮ (আটত্রিশ) জন প্রার্থীর মধ্যে যোগ্য ১৭ জন এবং শর্তসাপেক্ষে যোগ্য ১৮ জনসহ মোট ৩৫ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

| মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | পদের নাম ও বিজ্ঞপ্তি নম্বর | প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর | মোট প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| **তারিখ: ০১.০২.২০২৬ সময় : সকাল ১০.৩০ মিনিট** | **"সুপারিনটেনডেন্ট" (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৩৮ তারিখ: ২৬.০৬.২০২৩** | **000019, 000264, 000337, 000502, 000624, 000751, 001088, 001121, 001545, 001580, 001840, 002008, 002166, 002215, 300103, 400051, 700071 = ১৭ জন** | **১৭ জন** |

২। **"সুপারিনটেনডেন্ট" (১০ম গ্রেড)** পদের নিম্নবর্ণিত প্রার্থীদের প্রার্থীতা ০৩ নম্বর কলামে বর্ণিত শর্তসমূহ সাপেক্ষে যোগ্য করা হয়েছে:

| ক্রমিক নং | **রেজিস্ট্রেশন নম্বর** | **শর্ত সাপেক্ষে যোগ্য** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | **000416, 000477, 000508, 000550, 000616, 000791, 001083, 001565, 001739, 001755, 001891, 001892, 002101 = ১৩ জন** | মৌখিক পরীক্ষার বোর্ডে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী কম্পিউটার প্রশিক্ষণের সনদ জমাদান সাপেক্ষে যোগ্য। |
| ২. | **000401, 002261= ২ জন** | মৌখিক পরীক্ষার বোর্ডে পিএসসির নির্ধারিত ফরমে কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্র জমাদান সাপেক্ষে যোগ্য |
| ৩. | **001043= ১ জন** | মৌখিক পরীক্ষার বোর্ডে বিএসসির সনদ এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী কম্পিউটার প্রশিক্ষনের সনদ জমাদান সাপেক্ষে যোগ্য |
| ৪. | **000677= ১ জন** | মৌখিক পরীক্ষার বোর্ডে পিএসসির নির্ধারিত ফরমে কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্র জমাদান সাপেক্ষে যোগ্য |
| ৫. | **001943= ১ জন** | মৌখিক পরীক্ষার বোর্ডে সঠিক সেশন উল্লেখপূর্বক কম্পিউটার সনদ জমাদান সাপেক্ষে যোগ্য |

৩। **"সুপারিনটেনডেন্ট" (১০ম গ্রেড)** পদের নিম্নবর্ণিত প্রার্থীদের প্রার্থিতা ০৩ নম্বর কলামে বর্ণিত কারণে কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে:

| ক্রমিক নং | **রেজিস্ট্রেশন নম্বর** | **বাতিলের Substantive কারণ** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | **000484, 000753, 001390=৩ জন** | বিলম্বে প্রাপ্ত |
| ২. | **000064, 000185, 000279, 000689, 001057, 001174, 001238, 001273, 001300, 001497, 001687, 001884, 400026 = ১৩ জন** | BPSC Form-5A জমা দেয়নি। |

৪। কমিশন কর্তৃক **"সুপারিনটেনডেন্ট" (১০ম গ্রেড)** পদে ২৬ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPSC Form-5A [Applicant's Copy], প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত এবং পিএসসি কর্তৃক নির্ধারিত ফরমে মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে।

৫। মৌখিক পরীক্ষার জন্য নতুন করে প্রবেশপত্র প্রদান করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি. এর ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

৬। কর্ম কমিশনের ওয়েবসাইট থেকে BPSC Form-5A (Applicant's copy) ডাউনলোডপূর্বক অভিজ্ঞতা এবং শিক্ষাগত যোগ্যতার সনদসহ নিম্নের ৭ নং অনুচ্ছেদে উল্লিখিত কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। উল্লিখিত কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৭। নিম্নলিখিত কাগজপত্রের ১ (এক) সেট সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার অন্তত আধা ঘন্টা (৩০ মিনিট) পূর্বে কমিশনের সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে :

- ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদসমূহ;
- খ) "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডিভিট গ্রহণযোগ্য হবে না;
- গ) কম্পিউটার প্রশিক্ষনের সনদ;
- ঘ) অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ [তিন] কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- ঙ) জাতীয় পরিচয়পত্র [NID];
- চ) নাগরিকত্ব সনদ;
- ছ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র;
- জ) **জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত কোটা সংক্রান্ত ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং প্রজ্ঞাপণ অনুযায়ী কোটার সুবিধা গ্রহণে ইচ্ছুক প্রার্থীদের সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে সত্যায়িত সনদ/প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।**
- ঝ) সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্র [প্রযোজ্য ক্ষেত্রে];
- ঞ) সরকারি অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফা প্রদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশ [প্রযোজ্য ক্ষেত্রে];
- ট) আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে স্থায়ী ঠিকানার স্বপক্ষে সনদ [প্রযোজ্য ক্ষেত্রে];
- ঠ) বিদেশ হতে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইকুইভ্যালেন্স সনদ [প্রযোজ্য ক্ষেত্রে];
- ড) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রয়োজনীয় সনদের সত্যায়িত কপি;
- ঢ) প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে];

৮। উল্লিখিত প্রতিটি ডকুমেন্টস-এর সত্যায়িত কপির উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।

৯। কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (Substantive) কোন ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১০। বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২৮/০১/২০২৬

(দিলাওয়েজ দুরদানা)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়